দৈনিক ইত্তেফাক

তারিখ APR. 1 1999
পৃষ্ঠা ৩ কলাম ৩

77

# বরিশাল বিএম কলেজে স্বাধীনতা দিবসের অনুষ্ঠান লইয়া উত্তেজনা

বরিশাল অফিস ॥ বিএম কলেজে স্বাধীনতা দিবসের কুচকাওয়াজ অনুষ্ঠানে অপ্রীতিকর ঘটনা ঘটিয়াছে। ধারাবর্ণনায় স্বাধীনতা আন্দোলনে বঙ্গবন্ধুর অবদানকে খাটো করিয়া দেখানো, বঙ্গবন্ধুকে জাতির পিতা হিসাবে উল্লেখ না করা ও ২৬শে মার্চে বঙ্গবন্ধুর স্বাধীনতা ঘোষণার কথা স্ক্রিপ্টে উল্লেখ না থাকায় একজন শিক্ষক ঐ ধারা বর্ণনা বন্ধের দাবী জানান। ইহা লইয়া শিক্ষকদের মধ্যে অনুষ্ঠানস্থলে বাকবিতণ্ডা হয়। অনুষ্ঠান শেষেও ইহা লইয়া তর্কাতর্কি হয় শিক্ষকদের মধ্যে এই খবর ছাত্রলীগের কর্মীদের কাছে পৌছার পর তাহারা ইহার ব্যাখ্যা দাবী করে

(১১শ পৃঃ দ্রঃ)

## বরিশাল বিএম কলেজে

(৩য় পৃঃ পর)

অধ্যক্ষের নিকট। তাহারা ২৪ ঘন্টার মধ্যে যে শিক্ষক এই স্ক্রিপ্ট তৈরী করিয়াছেন তাহার বিচার দাবী করে। ক্যাম্পাসে উত্তেজনা চলাকালে দুই-জন শিক্ষক পিছনের গেট দিয়া কাটিয়া পড়েন। রাতের অনুষ্ঠানে বেশীরভাগ শিক্ষক ছিলেন অনুপস্থিত। ছাত্র সংগঠনগুলি প্রতিবাদস্বরূপ অনুষ্ঠান বর্জন করে। সাংস্কৃতিক কর্মীরা অনুষ্ঠান অর্ধ সমাপ্ত রাখিয়া মঞ্চ ত্যাগ করেন। এই ঘটনার প্রেক্ষিতে কলেজ এখন উত্তপ্ত। অধ্যক্ষ স্ক্রীপ্ট তৈরীর সহিত জড়িত ২ জন শিক্ষককে গত শনিবার শোকজ করিয়াছেন। ৪ সদস্যের তদন্ত কমিটি গঠিত হইয়াছে। চেয়ারম্যান হইতেছেন: আঃ গফফার সিকদার। এদিকে ছাত্রলীগ (বা-অ) অভিযুক্ত দুই শিক্ষককে ক্যাম্পাসে প্রবেশ না করার জন্য হুঁশিয়ার দিয়াছে।